



কারিকুলাম কোড: ৮১

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
সর্ট কোর্স শাখা, কারিকুলাম বিভাগ
আগারপাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৪.২৪.১৫২

তারিখ: ২৩ মে ২০২৬ খ্রি.

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমে

ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত সার্টিফিকেট কোর্স (০১ বছর মেয়াদি) শিক্ষাক্রম (পরিশিষ্ট 'ক' -তে বর্ণিত সার্টিফিকেট কোর্সসমূহ) পরিচালনাকারী প্রতিষ্ঠানে ২০২৬-২০২৭ সেশনে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরু করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. শিক্ষাক্রম পরিচিতি:

- এ শিক্ষাক্রমের মেয়াদ হবে এক বৎসর (২০২৬-২০২৭), যা ১ম ও ২য় পর্বে বিভক্ত করে বাস্তবায়ন করা হবে। দ্বিতীয় পর্ব সমাপনী পরীক্ষার পরে শিক্ষার্থীকে ০৮ সপ্তাহ মেয়াদি ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ (ইন্টার্নশীপ/অন জব ট্রেনিং) সম্পন্ন করতে হবে।
- সিলেবাসের বিষয়সমূহে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের অনুপাত হবে ৪০:৬০। প্রতি পর্বের অধ্যয়নকাল হবে পর্ব সমাপনী পরীক্ষানুষ্ঠানসহ ১৬-১৮ কার্যসপ্তাহ এবং প্রতি কার্যসপ্তাহে ক্লাস হবে ০৫ দিন। প্রতি সপ্তাহে ৩০-৩৫ পিরিয়ড ক্লাস অনুষ্ঠিত হবে এবং প্রতি পিরিয়ডের সময় হবে ৫০ মিনিট।
- প্রথম ও দ্বিতীয় পর্ব সমাপনী পরীক্ষা বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রের মাধ্যমে বোর্ড কর্তৃক গৃহীত ও মূল্যায়িত হবে। বোর্ড কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে ১ম ও ২য় পর্বের ক্লাস সমাপনান্তে পর্ব সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- এ কোর্সে কৃতকার্য শিক্ষার্থীদের সনদপত্র প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সার্টিফিকেট কোর্সের পর্বের GPA এর গুরুত্ব হবে ১ম পর্ব ৫০% ও ২য় পর্ব ৫০%।

২. ভর্তির নিয়মাবলি:

- ভর্তির ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হবে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ভর্তি/রেজিস্ট্রেশনের সময় মূল সনদপত্র/মূল নম্বরপত্র জমা দিতে হবে।
- আসন সংখ্যা ড্রপ-আউটসহ সর্বোচ্চ ৫০ জন। ন্যূনতম ১০ (দশ) জন শিক্ষার্থী না হলে নিবন্ধন করা যাবে না। চলমান ট্রেডের নামসহ বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠানের তালিকা বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে।
 - লিংক: www.bteb.gov.bd ⇒ অনলাইন ভর্তি ⇒ প্রতিষ্ঠানের তালিকা ⇒ সার্টিফিকেট ইন এনিমেল হেলথ এন্ড প্রোডাকশন ও সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং (১ বছর মেয়াদি)
- ভর্তির ক্ষেত্রে বয়স ও পাসের সন শিথিলযোগ্য।
- ই-সেবা প্ল্যাটফর্ম (bteb.gov.bd ⇒ btebesheba.gov.bd) এর মাধ্যমে ক্লাস শুরুর ৬০ দিনের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি করতে হবে।

৩. রেজিস্ট্রেশনের নিয়মাবলি:

- অত্র বোর্ডের রেজিস্ট্রেশন শাখার বিজ্ঞপ্তি মোতাবেক প্রতিষ্ঠানসমূহকে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে।
- রেজিস্ট্রেশনের মেয়াদ হবে ভর্তির শিক্ষাবর্ষ হতে ধারাবাহিকভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ। ০৩(তিন) শিক্ষাবর্ষ পর কোন শিক্ষার্থী বিশেষ কারণে এ শিক্ষাক্রমে অধ্যয়ন করতে চাইলে তাকে বোর্ড নির্ধারিত রিটেনশন ফি (সংযোগ রক্ষাকারী ফি) দিয়ে নিবন্ধন নবায়ন করতে হবে। এ নবায়নের মেয়াদ হবে এক বছর। এ সুযোগ শুধুমাত্র একবারই গ্রহণ করা যাবে।
- কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা অর্জনে ব্যর্থ অথবা শিক্ষা বিষয়ক পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে পর্ব সমাপনী পরীক্ষায় ফরম পূরণে ব্যর্থ হলে যে পর্বে ব্যর্থ হয়েছে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পুনরায় ভর্তি হয়ে অধ্যয়ন করার সুযোগ পাবে।

ঘ) ১ম পর্বের কোনো শিক্ষার্থী বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলেও উক্ত শিক্ষার্থী পরবর্তী শিক্ষাবর্ষের ১ম পর্বের বোর্ড সমাপনী পরীক্ষার জন্য ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। সেক্ষেত্রে উক্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পুনঃভর্তি হতে হবে।

ঙ) পর্ব আরম্ভের ১৫ কার্যদিবসের মধ্যে পুনঃভর্তি সম্পন্ন করতে হবে।

৪. ভর্তি ও রেজিস্ট্রেশন ফি:


শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি ৩৩৫.০০ (তিনশত পঁয়ত্রিশ মাত্র) টাকা।

৫. মূল্যায়ন প্রক্রিয়া:

মূল্যায়ন প্রক্রিয়া ও পর্বের গুরুত্ব, পর্ব সমাপনী/ চূড়ান্ত ও খারাবাহিক মূল্যায়নের নিয়মাবলি সম্পর্কে সাটিফিকেট কোর্স (০১ বছর মেয়াদি) এর “প্রবিধান ২০২৬” থেকে বিস্তারিত জানা যাবে।

পরিশিষ্ট ‘ক’

ক্রমিক নং	সাটিফিকেট কোর্স	ট্রেড কোড
০১.	কেয়ারগিভিং (Caregiving)	১৮
০২.	পোল্ট্রি ফার্মিং (Poultry Farming)	১৯
০৩.	এনিমেল হেলথ এন্ড প্রোডাকশন (Animal Health and Production)	২০


(মোঃ আল মাসুদ করিম)
সচিব

ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২২

ইমেইল: secretary@bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৪.২৪.১৫২

তারিখ: ২৩ মে ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৫. উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংরক্ষণ নথি।



(মোঃ মাহুম বিল্লাল সরদার)

কারিকুলাম বিশেষজ্ঞ (অঃ দাঃ)

মোবাঃ ০১৭৯৩২৬৩৬৫১

ইমেইল: shortcourse128.bteb@gmail.com